গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
(সাধারণ শাখা)
www.dcmadaripur.gov.bd



স্মারক নম্বর-০৫.৪১.৫৪০০.১০৭.০৬.০৩৬.২৬. ২৯৩

তারিখঃ ১৬ ভাদ্র' ১৪৩৩
৩১ আগস্ট' ২০২৬

# সার ডিলার পুন: নিয়োগ বিজ্ঞপ্তি

"সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর আলোকে মাদারীপুর জেলায় রাষ্ট্রীয় জরুরী প্রয়োজনে সার ডিলার নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে:

| ক্র: নং | উপজেলার নাম | ইউনিয়ন ও পৌসভার সংখ্যা | ইউনিয়নের নাম | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | মাদারীপুর সদর | ১৬ | শিরখাড়া, বাহাদুরপুর, দুধখালী, পেয়ারপুর, কুনিয়া, কালিকাপুর, কেন্দুয়া, ঘটমাঝি, মস্তফাপুর, পাঁচখোলা, রাস্তি, ছিলারচর, ঝাউদি, খোয়াজপুর, ধুরাইল ও মাদারীপুর পৌরসভা। | |
| ২ | কালকিনি | ১১ | আলীনগর, লক্ষীপুর, বাশগাড়ী, পূর্ব-এনায়েতনগর, এনায়েতনগর, শিকারমঙ্গল, সিডিখান, রমজানপুর, সাহেবরামপুর, কয়ারিয়া ও কালকিনি পৌরসভা। | |
| ৩ | ডাসার | ০৫ | ডাসার, কাজীবাকাই, গোপালপুর, বালীগ্রাম, নবগ্রাম। | |
| ৪ | রাজৈর | ১২ | পাইকপাড়া, হোসেনপুর, কবিরাজপুর, হরিদাসদী-মহেন্দ্রদী, ইশিবপুর, বদরপাশা, খালিয়া, আমগ্রাম, বাজিতপুর, কদমবাড়ি,রাজৈর ও রাজৈর পৌরসভা। | |
| ৫ | শিবচর | ১৯ | দত্তপাড়া, সন্নাসীরচর, বন্দরখোলা, চরজানাজাত, মাদবরেরচর, পাচ্চর, কাঁঠালবাড়ী, দ্বিতীয়খন্ড, কুতুবপুর, কাদিরপুর, উমেদপুর, ভদ্রাসন, ভান্ডারীকান্দি, বাঁশকান্দি, বহেরাতলা উত্তর, নিলখী, শিরুয়াইল, বহেরাতলা দক্ষিণ ও শিবচর পৌরসভা। | |

**শর্তাবলী:**

**ক.** "সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" এর পরিশিষ্ট-১ এর প্রদত্ত নমুনা ছক অনুযায়ী আবেদন করতে হবে।

**খ.** যে সকল আবেদনকারী সার ডিলার নিয়োগের জন্য ইতোপূর্বে ২৭/০২/২০২৬ খ্রি. এবং ১৭/০৮/২০২৬ খ্রি. তারিখের বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন, তাদের অনিস্পন্ন আবেদন সমূহ বর্তমান বিজ্ঞপ্তির আওতাধীন মর্মে বিবেচনা করে তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

**গ.** আবেদনকারীদের সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬" বর্নিত শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে হবে।

**ঘ.যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/ উপজেলার/পৌরসভার/সিটি কর্পোরেশনের বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট ওয়ার্ড কমিশনার অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারকে নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা/সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) নুন্যতম ২৫ মে.টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে। তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সংঙ্গে সার গুদাম করা যাবে না এবং একইভাবে সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যুনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানুষিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

**ঙ) অযোগ্যতা:**

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোনো ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/ খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্যে আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্র, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

২য় পাতায়

CamScanner

**চ) আবেদন ফি ও আর্নেস্টমানি বাবদঃ**

১. আবেদন পত্রের সংঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোষ্টাল আর্ডার/ পে-আর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর জমা দিতে হাবে।

২. একই সঙ্গে জেলা প্রশাসক ও সভাপতি জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০ (দশ হাজার) টাকার পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমানিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর জেলা প্রশাসক অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ ডিমান্ড ড্রাফট ১০(দশ) কর্মদিবসের মধ্যে ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

**ছ) আবেদন দাখিলের শেষ তারিখ ও স্থান:**

১. ১০ সেপ্টেম্বর'২০২৬ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত ;

২. উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মাদারীপুর দপ্তরে আবেদন জমা করতে হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০২.০৮.২৬

(মর্জিনা আক্তার)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, মাদারীপুর।

CamScanner